



আগামী ২৫-২৭ ডিসেম্বর সম্ভাব্য বৃষ্টিপাতের কারণে রাজশাহী, খুলনা, ঢাকা, সিলেট ও ময়মনসিংহ বিভাগের
অধিকাংশ জেলাসহ নোয়াখালী ও কুমিল্লা জেলার জন্য বিশেষ কৃষি আবহাওয়া পরামর্শ

প্রকাশের তারিখ : ২২ ডিসেম্বর ২০১৯

- আকাশ আংশিক মেঘলাসহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি হওয়ার সম্ভাবনা থাকায় বরিশাল ও খুলনা অঞ্চলে বৃষ্টিপাতের সময় আমন ধান সংগ্রহ বন্ধ রাখুন। বৃষ্টিপাতের আগে বা পরে ফসল সংগ্রহ করতে হবে।
- বোরো ধানের বীজতলার জমি থেকে অতিরিক্ত পানি নিষ্কাশন করুন।
- আলুর জমি থেকে অতিরিক্ত পানি নিষ্কাশন করুন। নাবী ধ্বসা রোগ থেকে রক্ষার জন্য মাঠ পর্যবেক্ষণ করুন। কুয়াশাময় আবহাওয়া দীর্ঘায়িত হলে অনুমোদিত বালাইনাশক প্রয়োগ করুন।
- বর্তমান আবহাওয়ায় সরিষায় অলটারনারিয়া ব্লাইট রোগ হতে পারে। আক্রমণ দেখা দিলে অনুমোদিত বালাইনাশক প্রয়োগ করুন।
- মসুরের জমি থেকে অতিরিক্ত পানি নিষ্কাশন করুন। ছত্রাকজনিত রোগের আক্রমণ দেখা দিলে অনুমোদিত বালাইনাশক প্রয়োগ করুন।
- পরিপক্ক সবজি দ্রুত সংগ্রহ করে ফেলুন।
- নিউমোনিয়া থেকে সুরক্ষায় সকালে ও সন্ধ্যায় দুধবতী গাভী ও বাছুরকে চটের বস্তা দিয়ে জড়িয়ে দিন।

